গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
ধনবাড়ী, টাঙ্গাইল।
Email: useo.dhonbari@gmail.com

স্মারক নং-৩৭.০২.৯৩২৫.০০০.১৮.০০১.২১-৪০০(৩৪) তারিখঃ ১৭ /০২/২০২২ খ্রিঃ।

## ত্রৈমাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব, মোঃ মতিউর রহমান খান,
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,
ধনবাড়ী, টাঙ্গাইল।
স্থান : বরমপুরগণ উচ্চ বিদ্যালয়।

তারিখ ও সময় : ১৭/০২/২০২২ সময় : সকাল-১০.৩০ ঘটিকা ।
সভা নং : ০১(ফেব্রুয়ারী)/২০২২
উপস্থিতিঃ পরিশিষ্ট ক

সভায় শুরুতে সভাপ্রতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ আরম্ভ করেন । ধনবাড়ী উপজেলা পরিষদের সম্মনিত ভাইস চেয়ারম্যান জনাব মোঃ শামসুল হুদা মহোদয় সভায় যোগদান করলে তাঁকে বিশেষভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয় । এছাড়া যদুনাথপুর ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান জনাব, মীর ফিরোজ আহমদকে সভায় উপস্থিত থেকে আলোচনায় অংশ গ্রহণ করে গুরুত্বপূর্ণ মতামত দেওয়ায় সভাপতি মহোদয় তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করেন ।

সভার আলোচ্যসূচি মোতাবেক বিস্তারিত আলোচনা করে সভ্যগণ কর্তৃক মতামত প্রদান করা হয় । সভায় আলোচনায় অংশ গ্রহণ করেন প্রধান শিক্ষক, মমতাজ আলী উচ্চ বিদ্যালয় ও প্রধান শিক্ষক, সাকিনা মেমোরিয়াল গার্লস হাই স্কুল ।উপজেলা একাডেমিক সুপারভাইজার জনাব মোহাম্মদ নজরুল ইসলাম সভাটি পরিচালনা করেন।

আলোচ্যসূচি মোতাবেক বিস্তরিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্বান্ত গ্রহণ করা হয় ।

(০১) **ইউনিক আইডি তথ্য প্রেরণ সংক্রান্ত** :

সরকার নির্ধারিত ০১/০৩/২০২২ হতে ১৬/০৩/২০২২খ্রিঃ তারিখের মধ্যে ইউনিক আইডির তথ্য সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয় । যে সমস্ত শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন, ইউনিক আইডি সংক্রান্ত অন্যন্য কাগজ পত্রের ঘাটতি আছে সেগুলো পরিপূর্ণ করতে সকল প্রতিষ্ঠান প্রধানকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয় ।

(০২) **বার্ষিক পরীক্ষা ও শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত তথ্য DCM -** এ আপলোড সংক্রান্ত :

বার্ষিক পরীক্ষা ও শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত তথ্য DCM - এ আপলোড করার নির্ধারিত ১০/০২/২০২২ তারিখ থেকে ২১/০২/২০২২খ্রিঃ থেকে শুরু হলো যা ২৩/০৩/২০২২ খ্রি পর্যন্ত সময়ের মধ্যে আপলোড করতে হবে ।

(০৩) **অনলাইন ক্লাস সংক্রান্ত** :

অনলাইন ক্লাস রুটিন প্রণয়ন করে নিয়মিত অনলাইন ক্লাস করতে হবে এবং এতে অধিক সংখ্যক শিক্ষার্থীদের সংযুক্ত করতে হবে । এছাড়া ZOOM Apps এবং Google Meat এ ক্লাশ নেওয়ার সিদ্বান্ত গৃহীত হয় । এসকল ক্লাসসহ নিয়মিত ক্লাস প্রতিনিয়ত মাল্টিমিডিয়া ক্লাসরুমের ড্যাসবোর্ডে এন্টি করতে হবে ।

০৪) **এ্যাসাইনমেন্ট সংক্রান্ত** :

মাউশি এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্দেশনা মোতাবেক এ্যাসাইনমেন্ট গ্রহণ ,বিতরণ ও মূল্যায়ন কার্যক্রম আন্তরিকতার সাথে যথাযথভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

০৫। **NTRCA কর্তৃক নিয়োগপ্রাপ্ত শিক্ষক সংক্রান্ত** :

NTRCA কর্তৃক নিয়োগপ্রাপ্ত যেসকল শিক্ষকবৃন্দ যোগদান করবেন তাদের সার্বিক সহযোগিতা করার জন্য সকল প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হল । এ সংক্রান্ত মাউশি নির্দেশিত সতর্কীকরণ বিজ্ঞপ্তি দৃষ্টি আকর্ষণ করা হলো।

চলমান পাতা...২

০৬) **শারীরিক শিক্ষা শিক্ষকদের তথ্য এন্ট্রিকরণ সংক্রান্ত ঃ**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের শারীরিক শিক্ষা উইং এর ওয়েবসাইটে নির্ধারিত তথ্যছকে আগামী ২২/০২/২০২২খ্রিঃ এর মধ্যে তথ্যে প্রেরণ করার সিদ্বান্ত গৃহীত হয় ।

০৭) **২০২২এবং ২০২৩ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক সংক্রান্ত ঃ**

২০২২ শিক্ষাবর্ষের সরকার প্রদত্ত বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ ইতোমধ্যে সফল ভাবে প্রতিষ্ঠানের নিকট পৌছে গেছে । শতভাগ শিক্ষার্থীর নিকট শতভাগ পাঠ্যপুস্তক দ্রুততার সাথে পৌছানোর অনুরোধ করা হলো। ২০২৩ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তকের চাহিদা ইতোমধ্যে NCTB তে প্রেরণ করা হয়েছে ।

০৮) **বিভিন্ন ক্লাব গঠন সংক্রান্ত** ঃ

উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক গৃহিত গণিত, বিজ্ঞান ও ইংরেজী ক্লাব গঠনে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান চাহিদা মোতাবেক সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয় ।

০৯) **কোভিড- ১৯ টিকা প্রদান সংক্রান্ত** ঃ

কোভিড ১৯ টীকার ১ম ডোজ ১২-১৮ বৎসর বয়সী শিক্ষার্থীদের মাঝে সকলভাবে সম্পন্ন করার জন্য সভাপতি প্রতিষ্ঠান প্রদানসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান । তিনি আরো জানান ইতোমধ্যে ২য় ডোজ টীকা প্রদানের জন্য ০৮ দিনের যে সিডিউল প্রদান করা হয়েছে তার মধ্যে ০২(দুই) দিন সমাপ্ত হয়েছে, বাকি টিকা কার্যক্রম প্রদানে সকলকে সার্বিক সহযোগিতা প্রদানে অনুরোধ জানান । শিক্ষার্থীদের ১ম ডোজ টীকা গ্রহণের ক্ষেত্রে যে সমস্ত শিক্ষার্থী বাদ পড়েছে তাদেরকে আগামী ২৪/০২/২০২২ খ্রিঃ রোজ বৃহস্পতিবার প্রদান করা হবে । ২য় ডোজ টীকা প্রদানের জন্য ধনবাড়ি কলেজিয়েন্ট মডেল স্কুল ফাইজার টিকা প্রদান উপযোগী ভেন্যু প্রস্তুত করা উপজেলা প্রশাসনের পক্ষ থেকে বিদ্যালয় কর্তৃপক্ষকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

১০) **IMS Module- এ তথ্য আপলোড সংক্রান্ত** ঃ

IMS Module এ প্রতিষ্ঠান সমূহের তথ্য এর আপলোড করার জন্য স্বর্বশেষ সময়সূচি নির্ধারণ করা হয়ছে ১০/০৩/২০২২খ্রিঃ উল্লেখিত সময়ের মধ্যে সকল প্রতিষ্ঠানকে নির্দেশনা মোতাবেক ২০২১ সনের তথ্য IMS Module এ update করার জন্য অনুরোধ করা হলো । ধনবাড়ী উপজেলাধীন সর্বশেষ পাঠদানের অনুমতি প্রাপ্ত কছিম উদ্দিন উচ্চ বিদ্যালয় এবং সুলতান প্রফেসর মডেল কলেজকে IMS Module এ অন্তর্ভূক্ত করার সিদ্বান্ত গৃহিত হলো ।

১১) **বিদ্যালয়ে পুণরায় শ্রেণী পাঠদান কার্যক্রম চালুকরণের জন্য প্রস্তুতি সংক্রান্ত** ঃ

আগামী ২২/০২/২০২২ খ্রিঃ থেকে পুনরায় শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণী পাঠদান কার্যক্রম চালু করার সিদ্বান্ত গ্রহণ করা হয়েছে । সকল প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি মহোদয় সফলভাবে শ্রেণী পাঠদান কার্যক্রম চালুকরণের প্রস্ততি গ্রহনের জন্য অনুরোধ করেন ।

১২) **প্রতিষ্ঠান পরিদর্শন সংক্রান্ত** ঃ

প্রতিষ্ঠানে পরিদর্শনকারী কর্মকর্তার মৌখিক এবং লিখিত সুপারিশ / নির্দেশনা যথাযথ বাস্তবায়নের জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি মহোদয় অনুরোধ করেন ।

১৩) **মহান শহীদ দিবস ও আন্তাজাতিক মাতৃভাষা দিবস উদযাপন সংক্রান্তঃ**

উপজেলা প্রশাসন/ সরকারী নির্দেশনা মোতাবেক মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্যে মর্যাদায় উদযাপনের জন্য সভাপতি মহোদয় প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ করেন ।

১৪। **শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ**

সভাপতি বিদ্যমান ছয়টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব কার্যকর করার জন্য এবং সচল রাখার জন্য এবং সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার জন্য আহবান জানান । নির্মিতব্য নির্বাচিত নয়টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন সংক্রান্ত সরকার প্রদত্ত নির্দেশাবলী অনুযায়ী পুংখানুপুংখরূপে প্রতিপালনের জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। এ সংক্রান্ত কোন ধরনের শৈথল্য গ্রহণযোগ্য নয় মর্মে সংশ্লিষ্টদের জানিয়ে দেওয়া হয় ।

চলমান পাতা...৩

১৫। **বিবিধ ঃ**

(ক) অদ্য ত্রৈমাসিক সমন্বয় সভায় অনুপস্থিত প্রতিষ্ঠান সমূহকে এতদ দ্বারা সতর্ক করা হলো এবং পরবর্তী সভা গুলোতে অনুপস্থিত না থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো ।

(i) ধনবাড়ী কলেজিয়েট মডেল স্কুল
(ii) পাইস্কা উচ্চ বিদ্যালয়।
(iii) নরিল্যা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়
(iv) বাড়াইপাড়া দাখিল মাদ্রাসা
(v) বলিভদ্র দাখিল মাদ্রাসা

(খ) সুষ্ঠু , সুন্দর, মনোরম এবং আতিথেয়তায় পরিপূর্ণ পরিবেশে ত্রৈমাসিক সমন্বয় সভা আয়োজনে সার্বিক সহযোগিতা করার বরমপুর গণ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকসহ বিদ্যালয় কর্তৃপক্ষকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ সমাপ্ত ঘোষনা করা হলো।

প্রাপক ঃ অধ্যক্ষ/প্রধান শিক্ষক/ সুপার
..........................কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা।
ধনবাড়ী, টাঙ্গাইল।

(মো: মতিউর রহমান খান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ধনবাড়ী, টাঙ্গাইল।

স্মারক নং-৩৭.০২.৯৩২৫.০০০.১৮.০০১.২১-৪০০(৫) তারিখঃ ১৭/০২/২০২২ খ্রিঃ।

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল।
৩. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
৪. উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী, টাঙ্গাইল।
৫. অফিস নথি।

(মো: মতিউর রহমান খান)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ধনবাড়ী, টাঙ্গাইল।
ফোন-০২৯৯৭৭৫৭৯১৫